

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩২/২০১৬

অভিযোগকারী : জনাব এস.এম.সাইফ আলী
পিতা- এস.এম. মুজিবুর রহমান
দৈনিক সরেজমিন বার্তা
৭৫, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড
মালিবাগ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ মোজ্জার হোসেন
সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বাড্ডা ইউনিয়ন পরিষদ কার্যালয়
উত্তর বাড্ডা হোসেন মার্কেট
ময়নারবাগ, থানা- বাড্ডা
জেলা-ঢাকা-১০১২।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৪-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ০১-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ মোজ্জার হোসেন, ইউপি সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাড্ডা ইউনিয়ন পরিষদ কার্যালয়, উত্তর বাড্ডা হোসেন মার্কেট, ময়নারবাগ, থানা- বাড্ডা, জেলা-ঢাকা-১০১২ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

দরপত্র ও বিজ্ঞাপন বিষয়ক তথ্য:

২০১৫-১৬ অর্থবছরে তেজগাঁও উন্নয়ন সার্কেল এর আওতাধীন বাড্ডা ইউনিয়ন পরিষদের অধীন স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% অর্থ দ্বারা গৃহীত প্রকল্পের জন্য আস্থানকৃত দরপত্র বিষয়ক নিম্নে উল্লেখিত তথ্য পেতে চাই।

দরপত্র নম্বর : ০১/২০১৫-২০১৬ খ্রিঃ

- ক. দরপত্র বিজ্ঞাপন যেসব পত্রিকায় প্রকাশিত হয়েছে তার নাম এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ
- খ. বিজ্ঞপ্তি পত্রিকার যে পাতায় প্রকাশ করা হয়েছে তার পৃষ্ঠা নম্বরসহ বিজ্ঞাপনের ফটোকপি
- গ. যে কয়টি সিডিউল জমা পড়েছিল তার বিস্তারিত
- ঘ. যে সব প্রতিষ্ঠান কার্যদেশ পেয়েছে তাদের প্রতিষ্ঠানের নাম ও ব্যবসায়িক ঠিকানা।
- ঙ. বিজ্ঞপ্তি প্রকাশের পর পত্রিকা কর্তৃপক্ষ যে বিল/ভাউচারের মাধ্যমে বিজ্ঞাপনের বিলের টাকা দাবী করেছে সেই বিল দাবীর কাগজ পেতে চাই।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২২-১২-২০১৫ তারিখে জনাব মোঃ আলী হোসেন, চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বাড্ডা ইউনিয়ন পরিষদ কার্যালয়, উত্তর বাড্ডা হোসেন মার্কেট, ময়নারবাগ, থানা-বাড্ডা, জেলা-ঢাকা-১০১২ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৬-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৪-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে পান নি বলে কমিশনের কাছে বিচার প্রার্থনা করেন। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তথ্য প্রাপ্তির আবেদন পান নি। তবে অভিযোগকারী কর্তৃক চাহিত তথ্য প্রদান করতে তিনি প্রস্তুত আছেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য ০৭ দিনের মধ্যে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে ৩১-০৩-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ মোজ্জার হোসেন, ইউপি সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাড্ডা ইউনিয়ন পরিষদ কার্যালয়, উত্তর বাড্ডা হোসেন মার্কেট, ময়নারবাগ, থানা-বাড্ডা, জেলা-ঢাকা-১০১২ কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]